

আপডেট : ৫ আগস্ট, ২০১৮ ১৯:০২

সংবাদ সম্মেলনে সাঈদ খোকন

## 'পরিবহন ব্যবস্থায় আনিসুল হকের পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী'

অনলাইন ডেস্ক



সাঈদ খোকন (ফাইল ছবি)

রাজধানীর পরিবহন ব্যবস্থায় প্রয়াত মেয়র আনিসুল হক যে পরিকল্পনা নিয়েছেন, তা বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশ দিয়েছেন বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন।

রবিবার নগর ভবনের ব্যাংক ফ্লোরে অনুষ্ঠিত 'নিরাপদ সড়কে আমাদের করণীয়' শীর্ষক এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান।

মেয়র মোহাম্মদ সাঈদ খোকন বলেন, রাজধানীর পরিবহন ব্যবস্থায় ছয়টি কোম্পানির আওতায় চার হাজার বাস নামানোর জন্য প্রয়াত মেয়র আনিসুল হক যে পরিকল্পনা নিয়েছেন, তা বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্থানীয় সরকার মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন। আগামীকাল (সোমবার) স্থানীয় সরকার মন্ত্রণালয়ে একটি বৈঠক হবে। সেখানে বিষয়টি চূড়ান্ত হবে।

মেয়র আরও বলেন, শিক্ষার্থীদের দাবি যৌক্তিক। কিন্তু এখন একটি মহল ষড়যন্ত্র চালাচ্ছে। আমরা শিক্ষার্থী এবং অভিভাবকদের অনুরোধ করছি, আপনারা বাড়ি ফিরে যান।

সংবাদ সম্মেলনে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান বর্জ্য ব্যবস্থাপক জাহিদ হোসেনসহ অন্যরা উপস্থিত ছিলেন।

বিডি-প্রতিদিন/০৫ আগস্ট, ২০১৮/মাহবুব